গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(রাজস্ব শাখা)
www.tangail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০০০.০১২.১১.০২৫৭.২১- ১৬২৯

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩২ / ১৪ অক্টোবর ২০২৫

**বিষয় : ২০ (বিশ) একরের উর্ধ্বে সরকারি জলমহাল উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে ইজারার বিজ্ঞপ্তি।**

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখা ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৫৫৫ নম্বর স্মারক মোতাবেক টাঙ্গাইল জেলার প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে টাঙ্গাইল জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একরের উর্ধ্বে আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) বর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ৩১ আশ্বিনের মধ্যে (১৫ অক্টোবরের মধ্যে) | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পের আওতায় জলমহাল ইজারার আবেদন আহবান/বিজ্ঞপ্তি প্রকাশ। |
| ০২. | ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ০৩. | ৩০ কার্তিক পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয় দাখিল। |
| ০৪. | ২২ অগ্রহায়ণের মধ্যে (০৭ ডিসেম্বরের মধ্যে) | আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশ এবং নির্ধারিত ছকে জলমহালের তথ্যাদিসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কর্তৃক ভূমি মন্ত্রণালয়ের প্রতিবেদন প্রেরণ। |
| ০৫. | ১৩ পৌষের মধ্যে (২৮ ডিসেম্বরের মধ্যে) | ভূমি মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে জলমহালের ইজারা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ। |
| ০৬. | ১৬ পৌষের মধ্যে (৩১ ডিসেম্বরের মধ্যে) | ভূমি মন্ত্রণালয় হতে সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ। |
| ০৭. | ৩০ চৈত্রের/১৩ এপ্রিলের মধ্যে | সরকারি পাওনাদি বুঝে -নিয়ে অনুমোদিত ইজারাগ্রহীতাদের সাথে চুক্তি সম্পাদন ও জলমহালের দখল হস্তান্তর। |

১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দে ইজারাযোগ্য ২০ একরের উর্ধ্বে সরকারি জলমহালের তালিকা :

| ক্রমিক নম্বর | উপজেলার নাম | ১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য জলমহলের নাম | আয়তন (একরে) | বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্য | ২৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | ঘাটাইল | বিলকল্যাণ রানাদহ | ২৯.২৬ | ৬০,৬৩৮/- | ৭৫,৭৯৮/- | ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে |
| ০২ | ভূঞাপুর | নিকলা বিল | ২৯.৫৮ | ১৫,০০০/- | ১৮,৭৫০/- | |
| ০৩ | গোপালপুর | গরিল্যা বিল | ৪৪.৪৬ | ৮,০০০/- | ১০,০০০/- | |
| ০৪ | গোপালপুর | নরিল্যা বিল | ২৮.৭৫ | ১০,৫০০/- | ১৩,১২৫/- | |
| ০৫ | কালিহাতী | তল্লাই বিল | ৯১.৯৯ | ২২,০১০/- | ২৭,৫১৩/- | |
| ০৬ | কালিহাতী | বর্তা বিল | ৮২.৮৬ | ৪৭,৬১৯/- | ৫৯,৫২৪/- | |
| ০৭ | দেলদুয়ার | সিংহরাগী সরই বাড়ী রাখ | ৪১.৮৫ | ১,০৮,৫৩১/- | ১,৩৫,৬৬৪/- | |
| ০৮ | নাগরপুর | আলোকদিয়া বিল | ৪৫.৪০ | ২৪,১৫০/- | ৩০,১৮৮/- | |
| ০৯ | নাগরপুর | কাউনহলা বেতপটল ফিসারী | ২১.৪৪ | ৬,৫১১/- | ৮,১৩৯/- | |
| ১০ | সখিপুর | টুনকী জলকর | ২১.৭১ | ১৩,৯৭২/- | ১৭,৪৬৫/- | |
| ১১ | বাসাইল | বালিয়া বিল | ৩৪.৮৩ | ১,১২,৮৩৫/- | ১,৪১,০৪৪/- | |
| ১২ | মির্জাপুর | মশাজান দাতপাড়া | ২৪.৯০ | ২,৪৩,১৯৬/- | ৩,০৩,৯৯৫/- | |

## জলমহাল বন্দোবস্তের শর্তসমূহ

০১. বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে অনলাইনে এই লিংকে jm.lams.gov.bd আবেদন করতে হবে;

০২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে;

০৩. দাখিলকৃত আবেদনে প্রদত্ত ইজারামূল্য প্রার্থীত জলমহালের বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্য অপেক্ষা ২৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

০৪. আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং অনলাইনে (jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্টেট কপি ও জামানতের মূলকপি সরকারি জলমহাল নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক পে-অর্ডারটি সংযুক্ত করে সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব (এস.এ) শাখায় দাখিল করবেন;

০৫. প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকে যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবে না;

০৬. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং তার সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/ সমিতির জন্য অডিট রিপোর্ট দাখিল করতে হবে না;

০৭. স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী, সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করতে হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা যাবে;

০৮. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে জেলা প্রশাসক উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না;

০৯. কোনক্রমেই কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে ০১ (এক)টির অধিক জলমহাল উন্নয়ন প্রকল্পে ইজারা/বন্দোবস্ত দেয়া যাবে না;

১০. আবেদনকারী সমিতিসমূহ তাদের আবেদনের সাথে প্রদত্ত ইজারামূল্যের ২০% জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট, পে-অর্ডার সংযুক্ত করে দিবেন। উক্ত ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত না হলে উক্ত সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে;

১১. ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে;

১২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে;

১৩. জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে;

১৪. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/১০/২৫

শরীফা হক
জেলা প্রশাসক
টাঙ্গাইল
ফোন : ০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০০০.০১২.১১.০২৫৭.২১- ১৩২১/১(৫০)

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩২ / ১৪ অক্টোবর ২০২৫

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দিন সরণি, তেজগাঁও, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। জেলা প্রশাসক, …………………, (সকল)
০৫। পুলিশ সুপার, টাঙ্গাইল
০৬। বিভাগীয় বন কর্মকর্তা, টাঙ্গাইল
০৭। জেলা মৎস্য কর্মকর্তা, টাঙ্গাইল
০৮। জেলা সমবায় অফিসার, টাঙ্গাইল
০৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল
১০। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, টাঙ্গাইল
১১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল
১২। উপজেলা নির্বাহী অফিসার,……………………………… টাঙ্গাইল (সকল)
১৩। সহকারী কমিশনার (ভূমি), টাঙ্গাইল,……………………………… (সকল) (বিজ্ঞপ্তিটি ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)
১৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টাঙ্গাইল
১৬। অফিসার-ইন-চার্জ, ………………… থানা, টাঙ্গাইল (সকল)
১৭। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, টাঙ্গাইল (একটি দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
১৮। জনাব ……………………………………………………………, টাঙ্গাইল
১৯। নোটিশ বোর্ড
২০। অফিস কপি

১৪/১০/২৫

মোহাম্মদ শফিকুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
টাঙ্গাইল।